385

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 13 1999

পৃষ্ঠা ৪ কলাম 2

## স্কুল নামে ব্যবসা

শেরপুর একটি ছোট শহর। অথচ এখানে কেজি স্কুলের সংখ্যা অনেক। কিছু অসাধু লোক স্কুল নামে ব্যবসা করছে এবং এতে লাভবান হচ্ছে। এসব স্কুলে পড়াশুনা তো হয় না এবং ছাত্রদের নানা ধরনের শাস্তি প্রদান করা হয়। যাতে শিশুদের মতো অতি সহজে ভেঙে যাচ্ছে। ভাল স্কুলগুলোর নামে তারা খারাপ কথাবার্তা বলে সেগুলোকে বন্ধ করে দেয়ার চেষ্টা করছে দিন রাত। শেরপুরের ভালো স্কুল একটি আছে সেটি হচ্ছে "শহীদ আবদুল রশীদ মেমোরিয়াল একাডেমি"। এই স্কুলটি একজন শহীদের, তাই এতে পড়াশুনার মান খুবই ভাল। এবং অন্যান্য স্কুলের তুলনায় এর বেতন অনেক কম। তাই শেরপুরবাসীর আবেদন শিক্ষামন্ত্রী যেন ব্যবসার স্কুলগুলো বন্ধ করে দেন এবং শহীদ আঃ রশীদ মেমোরিয়াল একাডেমির মতো স্কুলগুলো ভাল ভাবে চলতে পারে।

মোঃ রাজেবুল ইসলাম
শহীদ বুলবুল সড়ক
শেরপুর টাউন, শেরপুর।